



ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলা পরিষদ নিয়ন্ত্রিত খেয়াঘাটসমূহ ১৪২৪-১৪২৫ বাংলা বছরের জন্য অর্থাৎ ০১/০১/১৪২৪ বাংলা হতে ৩০/১২/১৪২৫ বাংলা পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে এবং পুকুরসমূহ ১৪২৪-১৪২৭ বাংলা বছর পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য অর্থাৎ ০১/০১/১৪২৪ বাংলা হতে ৩০/১২/১৪২৭ বাংলা পর্যন্ত সময়ের জন্য ইজারা বন্দোবস্ত দেয়ার জন্য আগ্রহী দরদাতাগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে সিলমোহরযুক্ত আবদ্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে (খেয়াঘাট ও পুকুরসমূহের তালিকা সংযুক্ত ২য় ধাপে)।

শর্তাবলী :

- প্রতিটি সিডিউল ২০০/- (দুইশত) টাকায় (অফেরত যোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নোক্ত ছকে বর্ণিত সময়সূচী অনুযায়ী প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।
- দরপত্রের সঙ্গে উদ্ধৃত দরের সাকুল্য টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণার অনুকূলে জমা দিতে হবে।
- দরপত্র দাতাকে উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর দাখিল করতে হবে।
- দরপত্রের খামের উপর খেয়াঘাট/পুকুরের নাম উল্লেখ থাকতে হবে।
- দরপত্রসমূহ নির্ধারিত তারিখ ও সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা অথবা তাঁর/তাদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) উপস্থিতিতে খোলা হবে।
- প্রয়োজনে দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।
- কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও খোলার সময়সূচী :

ক্রমিক নং	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
৭ম বার	২২/০৭/২০১৮	২৩/০৭/২০১৮ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ পর্যন্ত	২৩/০৭/২০১৮ বিকেল ২.০০ টা
৮ম ,,	০৭/০৮/২০১৮	০৮/০৮/২০১৮ ,, ,,	০৮/০৮/২০১৮ ,,
৯ম ,,	০৫/০৯/২০১৮	০৬/০৯/২০১৮ ,, ,,	০৬/০৯/২০১৮ ,,
১০ম ,,	১৬/১০/২০১৮	১৭/১০/২০১৮ ,, ,,	১৭/১০/২০১৮ ,,
১১তম ,,	১২/১১/২০১৮	১৩/১১/২০১৮ ,, ,,	১৩/১১/২০১৮ ,,
১২তম ,,	১২/১২/২০১৮	১৩/১২/২০১৮ ,, ,,	১৩/১২/২০১৮ ,,


(বাবর আলী মীর)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, নেত্রকোণা

ফোন : ০৯৫১-৬১৭২০ (অ)

ফ্যাক্স : ০৯৫১-৬২৫২৪

ই-মেইল : zpnetrokona@yahoo.com

website : www.zpnetrokona.com

স্মারক নং- প্রশ্ন/৩৮(২)

তারিখ ১০/০৭/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/সদয় অবগতি ও বহুল প্রচারের বিহিতাদেশ প্রদানের অনুরোধসহ প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),, নেত্রকোণা।
- ৮। সদস্য, ওয়ার্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ৯। জনাব ইজারাদার,
- ১০। জনাব দারোয়ান-কাম-কেয়ারটেকার, ডাকবাংলো,
পুকুর ইজারার নোটিশ সংশ্লিষ্ট গ্রামের জনসাধারণের মধ্যে ব্যাপক প্রচার করে/নোটিশ বিলি করে এই কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো।
- ১১। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক আমাদের সময়, ১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮/দৈনিক বাংলার নেত্র/দৈনিক জননেত্র, মোক্তারপাড়া, নেত্রকোণা উক্ত বিজ্ঞপ্তি খানা আগামী ১২/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ছুটির দিন ব্যতিরেকে ৩ কলামে ৭ ইঞ্চি আকারে ভিতরের পাতায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিল দাখিলের সময় এই আদেশপত্রটি বিলের সহিত দাখিল করতে হবে।
- ১২। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ১৩। জেলা পরিষদের ওয়েবসাইট (www.zpnetrokona.com)।


১০/০৭/২০১৮

(বাবর আলী মীর)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, নেত্রকোণা

ফোন : ০৯৫১-৬১৭২০ (অ)

ফ্যাক্স : ০৯৫১-৬২৫২৪

ই-মেইল : zpnetrakona@yahoo.com

website : www.zpnetrokona.com